দামুড়হুদায় ইজিবাইকের ধাক্কায় শিশু লামিয়া নিহত

দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে ইজিবাইকের ধাক্কা লামিয়া খাতুন(৭) নামের এক কন্যা শিশুর মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে দশটার দিকে দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে নাপিত খালি পশ্চিম পাড়ায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত লামিয়া উপজেলার নাপিত খালি গ্রামের পশ্চিম পাড়ার রাজমিস্ত্রী নাজমুল হোসেনের কন্যা। সে বদনপুর মহিলা মাদ্রাসার ২য় শ্রেণির ছাত্রী ছিল।

সরজমিনে গিয়ে জানাগেছে নিহত লামিয়া রাস্তার পাশে খেলা করছিল, এসময় দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে একটি ইজিবাইক কার্পাসডাঙ্গার দিকে যাচ্ছিল, হঠাৎ দৌড়ে রাস্তা পার হওয়ার সময় ইজিবাইকের সাথে সজরে ধাক্কা লাগে। ঘটনা স্থলেই লামিয়া় মৃত্যু হয়। খবর পেয়ে দ্রুত ঘটনা স্থানে পৌঁছায় দামুড়হুদা মডেল থানা পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার এস আই মশিউর রহমান বলেন, উভয় পক্ষের কারো কোন অভিযোগ না থাকায় লাশ নিহতের পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

স্বামীর নির্মম নির্যাতনের শিকার আঁখির মানবেতর জীবন

স্বামীর নির্মম নির্যাতনের শিকার হয়ে ছেলে সন্তানদের নিয়ে মানবেতর জীবন কাটাচ্ছেন আঁখি খাতুন (২৫)। দিনের পর দিন সহ্য করতে হয়েছে অমানুষিক নির্যাতন। বর্তমানে দুই সন্তান নিয়ে মানবেতর জীবন যাপন করছে আঁখি।

তাদের বিষয়টি দীর্ঘদিন ধরে চলে আসছে। বিভিন্ন সংস্থায় ও কোর্টে অভিযোগ ও মামলা চলমান আছে। একাধিক সালিশ মিমাংসাও হয়েছে তবে এখনও কোন সমাধানে আসা সম্ভব হয়নি।

ঝিনাইদহে ৪ প্রার্থীর মনোনয়নপত্র জমা

ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে চারজন মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

এরা হলেন জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের দুই নং যুগ্ম সাধারণ সম্পাদক কনক কান্তি দাস, সদর পৌরসভার সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক আনিচুর রহমান খোকা, মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার ও জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি মকবুল হোসেন ও সৃজনী বাংলাদেশের (এনজিও) নির্বাহী পরিচালক একে এম হারুন অর রশীদ।

গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চেয়ারম্যান পদে কনক কান্তি দাস রির্টানিং কর্মকর্তা জেলা প্রশাসক মনিরা বেগমের কাছে মনোনয়ন পত্র জমা দেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও ঝিনাইদহ -১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল হাকিমসহ বিপুল সংখ্যক নেতা কর্মি।

একই সময় অপর তিন জন জেলা নির্বাচন অফিসে মনোনয়ন পত্র দাখিল করেন। জেলা নির্বাচন কর্মকর্তা মুহাঃ আব্দুস ছালেক খবর নিশ্চিত করেন।

তিনি রাত সাড়ে ৭টার দিকে জানান চেয়ারম্যান সহ ৯টি পদে ভোট গ্রহন করা হবে। সাধারণ মেম্বর পদে ৬ জনের বিপরিতে ২৫ জন এবং সংরক্ষিত নারী সদস্য দুইটি পদের বিপরিতে ১৩ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন। ৬৭ টি ইউনিয়ণ পরিষদ ও ৫টি পৌরসভার মেয়র, চেয়ারম্যান ও মেম্বরগণ

ভোট দিতে পারেবেন। ঝিনাইদহ পৌরসভার নব নির্বাচিত মেয়র কাউন্সিলর সহ ১৩ জনের নাম ভোটার তালিকায় আসেনি। বর্তমান ভোটার ৯৫৪ জন।

জেলা নির্বাচন কর্মকর্তা সুত্রে জানা গেছে ভোটের আগে গ্যাজেট প্রকাশ হলে সদর পৌরসভার মেয়র কাউন্সিলরগণ ভোটার হবেন। সেক্ষেত্রে মোট ভোটার হবেন ৯৬৭ জন। প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন ২৫ সেপ্টেম্বর।

দলীয় সুত্রে জানা গেছে আওয়ামীলীগের প্রার্থী হিসাবে কেন্দ্র থেকে চেয়ারম্যান পদে কনক কান্তিকে মনোনয়ন দেওয়া হয়েছে।

ঝিনাইদহে আবাবা এ্যাপসের মাধ্যমে অর্থ আত্মসাৎ, গ্রেফতার ২

ঝিনাইদহে আবাবা এ্যাপসের মাধ্যমে অনলাইনে প্রতারণা করে অর্থ আত্মসাৎ চক্রের ২ সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার রাতে সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করে জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল।

গ্রেফতারকৃতরা হলো সদর উপজেলার রামনগর গ্রামের ইয়াহিয়া মুন্সীর ছেলে তাবিবুর রহমান (৩০) ও ডেফলবাড়িয়া গ্রামের সবুজ হোসেনের স্ত্রী সমাপ্তি খাতুন (২৩)।

বৃহস্পতিবার সকালে পুলিশ সুপার আশিকুর রহমান প্রেস ব্রিফিং করে জানান, ডিজিটাল জালিয়াতি চক্রের সদস্যরা আবাবা এ্যাপসের মাধ্যমে সাধারণ মানুষের কাছ থেকে অর্থ আত্মসাতের চেষ্টা করছে এমন খবরে তদন্ত শুরু করলে। তদন্তে সত্যতা পাওয়ায় সদরের ভেন্নাতলা এলাকা থেকে তাবিবুর রহমান ও পরে রামনগর এলাকা থেকে সমাপ্তি খাতুন নামের দুই জনকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে ৬ জনকে আসামী করে সদর থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করা হয়েছে।

চক্রটি ওই এ্যাপসের মাধ্যমে বিনিয়োগ করিয়ে দ্বিগুন টাকা দেওয়ার প্রলোভন দেখিয়ে আসছিল। এই চক্রের বাকি সদস্যরা কম্বোডিয়ায় বসে এটি নিয়ন্ত্রণ করে আসছে।

প্রেস ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশারসহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল’র সদস্যরা।

গাংনীতে পুরুস্কার হাতে মলিন মুখে ফিরল শিক্ষার্থীরা

বাজেট স্বল্পতার অজুহাতে মেহেরপুরের গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস আয়োজিত পুরুষ্কার ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থীদেরকে আপ্যায়ন করানো হয়নি। তবে উপস্থিত অতিথিবৃন্দকে নাস্তা করানো হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে পুরুষ্কার ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ ঘটনায় শিক্ষক শিক্ষার্থীদের মাঝে নানা প্রতিক্রিয়া দেখা দেয়। জানা গেছে, ২২টি ক্যাটাগরিতে ৭২টি পুরুষ্কার বিতরণ করা হয়। যার সরকারি বাজেট হিসেবে দেয়া হয় ৬৫ হাজার টাকা। দূরদুরান্ত থেকে আগত শিক্ষার্থীরা প্রতিকুল আবহাওয়ার কারনে অনেক আগেই উপস্থিত হন অনুষ্ঠান শুরুর আগেই। অনেকেই দুপুরের খাবার না খেয়েই অনুষ্ঠানে আসেন।

এসব শিক্ষার্থী ও শিক্ষকদেরকে কোন প্রকার আপ্যায়ন করা হয়নি। যারা পুরুষ্কার পেয়েছেন তারা পুরুষ্কার হাতে নিয়ে উৎফুল্ল থাকার কথা থাকলেও মলিন মুখে বাড়ি ফিরেছেন সকলে।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন প্রতিষ্ঠান প্রধান জানান, কোমল মতি শিক্ষার্থীরা সেই দুপুর থেকে পুরষ্কার নেয়ার জন্য অপেক্ষায় ছিল। এদেরকে হালকা নাস্তা করানোর প্রয়োজনীয়তা অনুভব করেননি আয়োজকরা। পুরষ্কার হাতে নিয়ে সকলেই ফিরেছে মলিন মুখে। বাজেট থেকে সামান্য খরচ করলেই সকলের মুখে হাসি ফুটতো।

এব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হাবিবুল বাশার জানান, বাজেট স্বল্পতার কারনে আপ্যায়ন করা হয়নি। যা বাজেট তার ভ্যাট কেটে নেয়ার পর পুরষ্কার কিনতে গিয়ে টান পড়েছে। এজন্য আপ্যায়ন করা সম্ভব হয়নি।

কোটচাঁদপুর আতিয়ারের পরিবারে হাঁসি ফিরলো

ভ্যান পেয়ে হাসি ফিরেছে আতিয়ার রহমানের পরিবারে। যা সম্ভব হয়েছে এক বিদেশ প্রবাসীর আর্থিক সহযোগিতায়। বুধবার সন্ধ্যা রাতে ওই প্রবাসীর পক্ষে ভ্যানটি, তাঁর হাতে তুলে দেন প্রথম আলোর ঝিনাইদহ প্রতিনিধি আজাদ রহমান।

জানা যায়,গেল ১ সেপ্টেম্বর রাতে ছিনতাইকারীরা আতিয়ার রহমানের ভ্যানটি ছিনিয়ে নেন। ঘটনাটি ঘটেছিল কোটচাঁদপুরের ঘাঘা- জালালপুর মাঠের রাস্তায়। তাঁর হা-পা চোখ বেধে রেখে ভ্যানটি নিয়ে যায় তারা। বিষয়টি নিয়ে সে কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ ও করেন ২ তারিখে। তবে আজ পর্যন্ত ভ্যানটির কোন হদিস পাননি পুলিশ।

এদিকে ভ্যান হারিয়ে আয় রোজগার বন্ধ আতিয়ারের। ওই ভ্যানটি ছিল তাঁর আয় রোজগারের একমাত্র অবলম্বন। ভ্যান চালিয়ে যা আয় হত তা দিয়ে চলত দুই প্রতিবন্ধী ছেলে -মেয়ে নিয়ে তাঁর সংসার। ভ্যান হারানোর পর কোন রান্না হত তাঁর সংসারে। তাই কয়েকদিন ধরে পাশের বাড়ি থেকে চেয়ে এনে মুখের অন্ন জোটাচ্ছে প্রতিবন্দী ছেলে-মেয়ের আতিয়ার ।

বিষয়টি নিয়ে ওই সময় কয়েকটি পত্রিকা ও অনলাইনে সংবাদ প্রকাশিত হয়। এটা দৃষ্টি গোচর প্রথম আলোর ঝিনাইদহ প্রতিনিধি আজাদ রহমানের।তিনি বিষয়টি আলোচনা করেন এক প্রবাসীর সঙ্গ। তিনি এ ভ্যানটি কিনে দিতে সম্মত হন। গত বুধবার সন্ধ্যা রাতে ভ্যানটি তুলে দেয়া হয় আতিয়ার রহমানের হাতে। আর এ ভ্যানটি ওই প্রবাসী পক্ষে তাঁর হাতে তুলে দেন,প্রথম আলোর ঝিনাইদহ প্রতিনিধি আজাদ রহমান। এ সময় উপস্থিত ছিলেন স্থানীয় গণমাধ্যম কর্মী সুব্রত

কুমার,মঈন উদ্দিন ও আকিমুল ইসলাম সাজু।

ভ্যান পাওয়ার পর আতিয়ার রহমান বলেন,ছিনতাই হওয়া ভ্যানটি ফিরে না পেলেও আপনাদের মাধ্যমে যে ভ্যানটি পেয়েছি, সেটা পেয়ে আমি খুশি। আমি আবার আয় রোজগার করে আমার প্রতিবন্দী দুটি বাচ্চার মুখের আহার জোগাতে পারবো।

দর্শনা সীমান্তে ১০ কেজি স্বর্ণসহ চোরাচালানীর গডফাদার আটক

দর্শনা বাড়াদি কম্পের টহলদল অভিযান চালিয়ে প্রায় ১০ কেজি স্বর্ন অভিনব কৌশলে পাচারকালে মটরসাইকেলসহ এক স্বর্ন চোরাচালানীর গডফাদারকে আটক করেছে বিজিবি।

জানা গেছে গতকাল বৃহস্পতিবার দুপুরে দর্শনা সীমান্তের নাস্তিপুর থেকে বিজিবির টহলদল(৫৮টি স্বর্ণেরবার) সাড়ে নয়কেজি সোনা সহ একজনকে আটক করেছে।দর্শনা থানায় মামলা হয়েছে। দর্শনা বাড়াদি ক্যাম্পের টহল কমান্ডার হাবিলদার জুলহাস উদ্দিন জানান ঐদিন গোপন সংবাদ পেয়ে টহলদলটি বেলা সাড়ে বারটার দিকে সীমান্তের নাস্তিপুর গ্রামের কবরস্হানের পাসে পৌছিলে একজন লোক বিজিবি দেখে পালানোর চেস্টা করে।

এ সময় বিজিবির টহলদল তাকে আটক ও দেহ ও মটরসাইকেল তল্লাসি করে ৫৮ টি স্বর্নের বার (সাড়ে নয় কেজি সোনা) উদ্ধার করে। আটক রাকিবুল
(৩৭) নাস্তিপুর গ্রামের আঃ হাই মন্ডলের ছেলে। চুয়াডাঙা ব্যাটালিয়নের –৬ বিজিবি পরিচালক, অধিনায়ক লেঃ কর্নেল শাহ মো ইশতিয়াক পি এস সি জানান মামলা সহ আসামী দর্শনা থানায় সোপর্দ করা হয়েছে ও মালামাল চুয়াডাঙা ট্রেজারিতে পাঠানো হয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার ওসি এ এইচ এম দৈনিক জনবাণীকে বলেন স্বর্নের আটকের ঘটনায় এখনো মামলা হয়নি।

[redacted]

[redacted]

আওয়ামীলীগের দুই বিদ্রোহীসহ ৩ জন চেয়ারম্যান প্রার্থী মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান পদে আওয়ামীলীগের দুই বিদ্রোহী প্রার্থীসহ ৩ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। এছাড়া সদস্য পদে ১৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দেন।

আওয়ামীলীগ বাদে অন্য কোনো রাজনৈতিক দলের কোনো নেতা কর্মী চেয়ারম্যান বা অন্য কোনে পদের প্রার্থী হননি এই নির্বাচনে।

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছার এ তথ্য নিশ্চিত করেছেন।

দলীয় নেতা কর্মীদের সাথে নিয়ে উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জেলা পরিষদের নির্বাচনে আওয়ামীলীগের দলীয় চেয়ারম্যান প্রার্থী(নৌকা প্রতীক)অ্যাডভোকেট আব্দুস সালাম মনোনয়নপত্র জমা দিয়েছেন।

জমাদানের শেষ দিন আজ বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) দুপুরের দিকে জেলা পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ আবু আনছারের নিকট মনোনয়নপত্র জমা দেন তিনি।

এসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়ার উদ্দিন বিশ্বাস, মেহেরপুর পৌর আওয়ামীলীগের সভাপতি শহীদ সাদিক হোসেন বাবুল, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েলসহ দলীয় নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

এদিকে চেয়ারম্যান পদে বিদ্রোহী প্রার্থী হিসেবে জেলা পরিষদের সদস্য সাবেক প্রশাসক গোলাম রসুল ও বাংলাদেশ আওয়ামীলীগের জাতীয় পরিষদের সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক এমপি জয়নাল আবেদিন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এছাড়া সাধারণ সদস্য পদে ১ নং ওয়ার্ড (মুজিবনগর উপজেলায়) ৬ জন, ২ নং ওয়ার্ড (সদর উপজেলা)৩ জন ও ৩ নং ওয়ার্ড (গাংনী উপজেলা) ৬ জন

প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মেহেরপুরে ব্যবসায়ীর দোকানোর সামনে থেকে ৪টি ককটেল উদ্ধার

মেহেরপুরের রাধাকান্তপুর গ্রামের সার ব্যবসায়ীর গোডাউনের সামনে থেকে ৪টি ককটেল উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (১৫ সেপ্টেম্বর) সকালের ১০ টার দিকে সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের পিটুলিতলা নামক এলাকার একটি সার কীটনাশকের দোকানের সামনে থেকে একটি শপিং ব্যাগের মধ্যে রাখা ককটেল উদ্ধার করে পুলিশ। ককটেলগুলো লাল টেপ মোড়ানো বলে জানান সদর থানার ওসি রফিকুল ইসলাম।

সদর থানার ওসি রফিকুল ইসলাম বলেন, রাধাকান্তপুর গ্রামের ব্যবসায়ী টুটুল মিয়ার সার ও কীটনাশকের দোকানের সামনে একটি শপিং ব্যাগ দেখতে পান স্থানীয়রা। পরে ব্যাগের মধ্যে লাল কসটেপ দিয়ে মোড়ানো ৪টি ককটেল দেখে থানা পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে পুলিশ বোমাগুলো উদ্ধার করে পানি বোঝায় বালতির মধ্যে নিয়ে থানায় নিয়েছে। এগুলো আদৌ ককটেল কিনা সেটাও ক্ষতিয়ে দেখা হচ্ছে।

তিনি বলেছেন, ভয়ভীতি দেখানোর জন্য এলাকার কিছু খারাপ মানুষ এগুলো ওই ব্যবসায়ীর দোকানের সামনে রাখতে পারে বলে ধারণা করা হচ্ছে। তবে পুলিশ বিষয়টি নজরে নিয়েছে।